বারিধারা ডিওএইচএস পরিষদ
ঢাকা সেনানিবাস

৩য় একজিকিউটিভ কমিটির সভার কার্যবিবরণী তারিখ ২৬ এপ্রিল ২০১৮ ইং।

১। একজিকিউটিভ কমিটির সভার সভাপতি ও নিম্নবর্ণিত সদস্যদের উপস্থিতিতে সভার কার্যক্রম শুরু হয়।

ক।	কর্ণেল এম আব্দুল হাই (অবঃ)	-	প্রেসিডেন্ট
খ।	লেঃ কর্ণেল আকরাম হোসেন (অবঃ)	-	সিনিঃ ভাইস প্রেসিডেন্ট
গ।	মেজর এএইচএম মনোয়ার হোসেন (অবঃ)	-	ভাইস প্রেসিডেন্ট
ঘ।	ব্রিগেঃ জেনাঃ শাহ মোঃ মহিউদ্দিন (অবঃ)	-	সেক্রেটারী
ঙ।	মেজর শের মোহাম্মদ খান (অবঃ)	-	জয়েন্ট সেক্রেটারী
চ।	লেঃ কর্ণেল এম আব্দুর রব (অবঃ)	-	ট্রেজারার
ছ।	মিসেস পারভীন জোবাইদা	-	জয়েন্ট ট্রেজারার
জ।	লেঃ কর্ণেল মোঃ আব্দুর রব (অবঃ)	-	মেম্বার সিকিউরিটি
ঝ।	কর্ণেল মোহসিন আহমদ চৌধুরী, পিএসসি (অবঃ)	-	সদস্য
ঞ।	কর্ণেল প্রফেসর মোঃ মোশাররফ হোসেন (অবঃ)	-	সদস্য
ট।	ক্যাপ্টেন এম ওমর ফারুক, পিএসসি, জি, বিএন (অবঃ)	-	সদস্য
ঠ।	লেঃ কর্ণেল মোঃ শফিউল ইসলাম (অবঃ)	-	সদস্য
ড।	ড. রশিদ আহমেদ হৌসাইনি	-	সদস্য
ঢ।	মিসেস ফরিদা ইয়াসমিন	-	সদস্য
ন।	এ্যাডভোকেট জেরিন কাশফী	-	সদস্য

২। সেক্রেটারী সভার শুরুতে প্রেসিডেন্টের অনুমতি নিয়ে সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

সভার আলোচ্যসূচী ও সিদ্ধান্ত	কার্যক্রম
আলোচ্যসূচী - ১ ঃ কোরআন তেলওয়াত। ১। সভার শুরুতে ড. রশিদ আহমেদ হৌসাইনি, সদস্য পবিত্র কোরান থেকে তেলাওয়াত করেন এবং তারপর সভা শুরু হয়। **আলোচ্যসূচী - ২ ঃ সভাপতির স্বাগত ভাষন ।** 2. Ladies and Gentlemen, Assalamualikum and good afternoon. You are cordially invited to the 3rd EC meeting. There are many points to discuss and take decision today. We shall not go for elaborate discussion at all the issues. In case of differences in opinion, decision will be taken in the democratic process. It means, opinions of majority members will be adopted as resolutions. Let me make an appeal to all honorable members not to retain or detain the Parishad files more than 24 hours. Files may please be sent back to the Parishad with necessary remarks/opinion and with note of decent in case disagreed with the contents. Letters marked to any EC member should be initialed and actions may be taken as per my request or may be returned to me with the comments/suggestions but it is requested not to keep without seen/initial or unactioned. We hope to do everything possible for the DOHS dwellers remaining with the limit/binding of the existing constitution. Before we proceed for the 1st agenda, let us discuss about the ponds situation.	সকল ইসি সদস্য

৩। সভাপতি সভা শুরু করার পর ডিওএইচএস এর পুকুর ঠিকাদার কর্তৃক প্রেরিত উকিল নোটিশ এবং পুকুর লীজ এর সময়সীমা বৃদ্ধির আবেদন নিয়ে সকল সদস্যের দৃষ্টি আর্কষন করেন। তিনি এ ব্যাপারে সিদ্ধান্ত গ্রহনের জন্য উপস্থিত সদস্যদের অনুরোধ জানান। সদস্যগণ এই ব্যাপারে পূর্বের সিদ্ধান্ত বলবৎ রাখার পক্ষেই মতামত পোষন করেন এবং নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহন করেন ঃ	
ক। পুকুরের ঠিকাদার কর্তৃক প্রেরিত উকিল নোটিশের জবাব অতিসত্ত্বর প্রেরন করা হবে।	প্রেসিডেন্ট এবং সেক্রেটারী
খ। কর্ণেল মোহসিন আহমদ চৌধুরী, পিএসসি (অবঃ), ভারপ্রাপ্ত কনভেনার এডিআর সাব-কমিটি, বলেন, সভায় খসড়া জবাব যা সকল সদস্যদের পড়ে শুনানো হয়েছে তা অতিসত্ত্বর পরিষদের মনোনীত উকিল এইচ. এম. হানিফ এ্যাডভোকেট, ৩৭, কোর্ট হাউজ স্ট্রীর্চ, স্বপ্ননীল কমপ্লেক্স (রুম নং-৪), কোতয়ালী, ঢাকা-১১০০ এর মাধ্যমে লীজ গ্রহিতার কাছে প্রেরন করা হবে এবং একটি কপি সেনাসদর ও ক্যান্টনমেন্ট বোর্ড পাঠানো হবে।	
গ। লেঃ কর্ণেল এম আব্দুর রব (অবঃ), ট্রেজারার, বারিধারা ডিওএইচএস পরিষদ এর পরামর্শ মোতাবেক কর্ণেল এম আব্দুল হাই (অবঃ), প্রেসিডেন্ট সেনাসদরে গিয়ে পুকুরের ব্যাপারে তৎকালীন কিউএমজি মহোদয় লেঃ জেনাঃ আনোয়ার হোসেন, এনডিসি, পিএসসি স্বশরীরে পুকুর এলাকা পরিদর্শন করা এবং তার তাৎক্ষনিক সিদ্ধান্ত ব্যাপারে সেনাসদর, কিউএমজি'র শাখাকে জ্ঞাত করবেন।	
ঘ। পুকুরের লীজ সময়সামী আর বৃদ্ধি করা হবে না এই মর্মে লীজ গ্রহীতাকে জ্ঞাত করা।	
৪। রিক্সা ঠিকাদার নিয়োগের ব্যাপারে পর্যালোচনার প্রেক্ষিতে নির্বাচিত ঠিকাদারদের প্রেরিত টাকার পরিমান কমানোর আবেদন নিয়ে বিস্তারিত আলোচনা হয়। কর্ণেল মোহসিন আহমদ চৌধুরী, পিএসসি (অবঃ), সদস্য কর্তৃক উত্থাপিত প্রস্তাব, রিক্সা চালকদের কটিতে কোন প্রকার বিজ্ঞাপন না লাগানোর ব্যাপারেও আলোচনা হয়। এই ব্যাপারে নিম্মোক্ত সিদ্ধান্ত নেয়া হয় ঃ	সংশ্লিষ্ট কমিটি
ক। কটিতে বর্তমান এলিট পেইন্ট লেখাটি না রেখে রিক্সার বডিতে যে কোন স্থানে এলিট পেইন্ট এর বিজ্ঞাপন সম্বলিত স্টিকার লাগানো যেতে পারে। এই ব্যাপারে এলিট পেইন্টের প্রতিনিধির সাথে আলোচনা করা হবে। মেম্বার সিকিউরিটি লেঃ কর্ণেল মোঃ আব্দুর রব (অবঃ)কে দায়িত্ব দেয়া হয়।	
খ। ব্রিগেঃ জেনাঃ মোস্তাফা কামাল এর অবর্তমানে ক্যাপ্টেন এম ওমর ফারুক, পিএসসি, জি, বিএন (অবঃ) কে ঐ কমিটির কো-অপ্ট সদস্য হিসাবে সংযুক্ত করা হল। রিক্সা ঠিকাদারদের সঙ্গে গঠিত কমিটি আলোচনা করে বিষয়টি উপর চুড়ান্ত সিদ্ধান্ত গ্রহন করবে।	
<u>আলোচ্যসূচী - ৩ ঃ গত ২৪ মার্চ ২০১৮ তারিখের একজিকিউটভ কমিটির ২য় সভার কার্যবিবরণীর বিস্তারিত আলোচনা।</u>	
৫। ২য় ইসি সভার কার্যবিবরণীর সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে সম্পাদিত হওয়ায় সভাপতি সকল সম্মানিত সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করেন। কার্যবিবরনী পর্যালোচনা করে উক্ত কার্যবিবরণী অনুমোদনের জন্য লেঃ কর্ণেল মোঃ আব্দুর রব (অবঃ) মেম্বার সিকিউরিটি প্রস্তাব করেন এবং ক্যাপ্টেন এম ওমর ফারুক, পিএসসি, জি, বিএন (অবঃ),সদস্য তা সমর্থন করেন।	সেক্রেটারী
<u>আলোচ্যসূচী - ৪ ঃ মাসিক আয় ও ব্যয় নিয়ে আলোচনা হয়।</u>	
৬। মার্চ ২০১৮ সালের মাসিক আয় ও ব্যায়ের হিসাব উত্থাপিত হলে সকল সদস্য তা অবলোকন করেন এবং কারও কোন আপত্তি/পর্যবেক্ষন না থাকায় তা সম্মতিক্রমে অনুমোদিত হয়।	ট্রেজারার
<u>আলোচ্যসূচী - ৫ ঃ সাধারন সভা (জিএম) তারিখ ও সময় নিয়ে আলোচনা</u>	
৭। সভাপতি কর্তৃক উত্থাপিত সাধারন সভার জন্য তারিখ ও সময় নির্ধারন নিয়ে আলোচনার প্রেক্ষিতে আগামী ২৯ জুন ২০১৮ বিকাল ১৬০০ ঘটিকার সময় সভা করার বিষয়ে সিদ্ধান্ত নেয়া হয়। এই ব্যাপারে নিয়ম অনুযায়ী যথাযথ ব্যাবস্থা নেওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে ব্যাবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হয়।	সেক্রেটারী

আলোচ্যসূচী - ৬ ঃ সার্ভিস সেন্টার/ কন্ট্রোল রুম স্থানান্তর নিয়ে আলোচনা।	
৮। সেক্রেটারী ব্রিগেঃ জেনাঃ শাহ মোঃ মহিউদ্দিন (অবঃ) কর্তৃক বর্তমান সার্ভিস সেন্টারটি স্থানান্তর এবং সময়োপযোগী করার প্রস্তাবের আলোচনা শেষে নিম্মোক্ত সিদ্ধান্ত নেওয়া হয় ঃ ক। ট্রেজারার এর জন্য নির্ধারিত ২য় তলার বর্তমান কক্ষটি নিরাপত্তা কন্ট্রোল রুম এবং সার্ভিস সেন্টার হিসাবে ব্যবহৃত হবে। খ। ট্রেজারার মহোদয় ৪র্থ তলায় শিফট করে নতুনভাবে তৈরীকৃত অফিসে অফিস করবেন। গ। হিসাব শাখার সকল কর্মচারীর জন্য ৪র্থ তলার সর্ব দক্ষিনের রুমটি সংস্কার করে অফিস স্থানান্তরিত করা হবে। ঘ। বর্তমান হিসাব শাখার ব্যবহৃত কক্ষটি কনভেনশন সেন্টার সাব-কমিটি কর্তৃক ব্যবহৃত হবে।	সেক্রেটারী
আলোচ্যসূচী - ৭ ঃ ক্যাটারিং ও ডেকোরেটর সার্ভিস প্রদানকারীর আবেদনের উপর আলোচনা। ৯। প্রাক্তন ক্যাটারিং ও ডেকোরেটর ঠিকাদারের কাছ থেকে প্রাপ্ত আবেদনের উপর আলোচনা করা হয়। বর্তমান অবস্থার পরিপ্রেক্ষিতে এই ব্যাপারে কোন নতুন সিদ্ধান্ত গ্রহন না করার পক্ষে সকল সদস্য মত প্রকাশ করেন। একজিকিউটিভ কমিটি কনভেনশন সেন্টার সাব-কমিটিকে প্রাপ্ত আবদনের বিষয়বস্তুর উপর একটি সন্তোষজনক জনাব প্রদানের জন্য উপদেশ প্রদান করেন।	কনভেনশন সেন্টার সাব-কমিটি
আলোচ্যসূচী - ৮ ঃ কনভেনশন সেন্টারে অগ্নি নির্বাপন যন্ত্র স্থাপন। ১০। সেক্রেটারী কর্তৃক উত্থাপিত এই বিষয়ের উপর তার মতামত ব্যক্ত করে জানান যে, এই সেন্টারটি একটি 'পাবলিক প্লেস' এখানে প্রায় প্রতিদিন প্রচুর জনসমাগম হয় বিধায় এর নিরাপত্তার জন্য প্রয়োজনীয় সংখ্যক অগ্নি নির্বাপক যন্ত্র স্থাপন করা আবশ্যক। এই বৃহৎ অবকাঠামোতে স্থায়ী কোন ব্যবস্থা সংযোজিত নাই। সেক্রেটারী জ্ঞাত করেন যে, একজন দক্ষ ও পেশাদার দ্বারা সার্ভের মাধ্যমে ১৯টি বিভিন্ন ধরনের পোর্টেবল অগ্নি নির্বাপক যন্ত্রের প্রয়োজন। এর মধ্যে ০৮ টি যন্ত্র সেন্টারে আছে এবং বাকী ১১টি যন্ত্র ক্রয়ে প্রায় ৩০,০০০ (ত্রিশ হাজার) টাকার প্রয়োজন। উপস্থিত সকল সদস্য এই প্রস্তাবের সাথে একমত পোষন করেন এবং অতিসত্ত্বর ১১টি যন্ত্র স্থাপনের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহন করেন।	সেক্রেটারী ও কনভেনশন সেন্টার সাব-কমিটি
আলোচ্যসূচী-৯ ঃ পরিষদ ষ্টাফদের বেতন ভাতা নিয়ে আলোচনা। ১১। সভায় উপস্থিত সদস্যদের জানানো হয় যে, ০১ জুলাই ২০১৬ইং তারিখে প্রায় ২ বৎসর পূর্বে একটি বোর্ড অব অফিসারের মাধ্যমে সকল পরিষদ স্টাফদের বেতন ১০% বৃদ্ধি করা হয়েছিল। সভাপতি বর্তমান জীবনমানের উর্দ্ধোগতির প্রেক্ষিতে পরিষদে কর্মরত কর্মচারীদের বেতন ২০% হারে বৃদ্ধি করার জন্য সম্মানিত সদস্যদের সম্মতি প্রার্থনা করেন। ট্রেজারার মহোদয় একটি বোর্ড গঠন/১০% বৃদ্ধির জন্য মতামত ব্যক্ত করেন। ইতোমধ্যে সম্মানিত সদস্য ড. রশিদ আহম্মেদ হোসাইনি সর্বসাকূল্যে বেতনের উপর ১৫% বৃদ্ধির করা যায় কিনা এ ধরনের মতামত ব্যক্ত করলে সর্বসম্মত ভাবে সভায় অনুমোদিত হয় যা ০১লা জুলাই ২০১৮ থেকে কার্যকর হবে। বেতন ভাতার ব্যাপারে গৃহীত মুরাদ কমিশনের ২৭ জুন ২০১৬ তারিখের অন্যান্য সিদ্ধান্ত বলবত থাকবে। যে সকল কর্মকর্তা/কর্মচারীর বেতন পূর্বের কমিশনের পরে বৃদ্ধি করা হয়েছে তাদের বেতন/ভাতা মুরাদ কমিশনের ১০% বৃদ্ধিকৃত বেতন থেকে ১৫% বৃদ্ধি পাবে। প্রভিডেন্ট ফান্ড করার প্রস্তাব অনুমোদিত হয়নি।	সেক্রেটারী এবং ট্রেজারার
আলোচ্যসূচী-১০ ঃ পারচেজ কমিটি নিয়ে আলোচনা। ১২। এই বিষয়ে আলোচনার পরিপ্রেক্ষিতে নিম্মোক্ত সিদ্ধান্ত নেওয়া হয় ঃ ক। যে কোন বিশেষ বৃহৎ ক্রয়ের ক্ষেত্রে আলাদা আলাদা ক্রয় কমিটি গঠন করা হবে। খ। যে কোন ক্রয় কমিটির মেয়াদকাল হবে ৩ মাস (৯০ দিন)।	সেক্রেটারী

আলোচ্যসূচী-১১ ঃ মাসিক চাঁদা বৃদ্ধি নিয়ে আলোচনা

১৩। এই আলোচ্যসূচীর উপর আলোচনায় প্রায় সকল সদস্যই ২৬০০ বর্গফিট ফ্ল্যাটের নিরাপত্তা চাঁদা ২০০ টাকার স্থলে ৩০০ টাকা করার ব্যাপারে একমত পোষন করেন। প্রস্তাবটি সাধারন সভা (জিএম) উপস্থাপন করে অনুমোদিত হলে কার্যকরী হবে। ট্রেজারার

আলোচ্যসূচী-১২ ঃ ক্যালেন্ডার অফ ইভেন্টস নিয়ে আলোচনা।

১৪। মেজর শের মোহাম্মদ খান (অবঃ), জয়েন্ট সেক্রেটারী একটি খসড়া তালিকা সকল সদস্যের জ্ঞাতার্থে পড়ে শোনান। সদস্যগণ আলোচনায় অংশ নিয়ে কিছু অংশ বাদ দিয়ে একটি সংশোধিত তালিকা অনুমোদন প্রদান করনে। তালিকাটি নিম্নরুপ ঃ সেক্রেটারী

Ser No	Event	Date
1.	Annual Picnic	Feb 2018
2.	Inter DOHS Basketball Tournament	Feb 2018
3.	Shaheed Dibosh & International Mother Language Day	Wednesday, 21 Feb 2018
4.	Independence & National Day	Monday, 26 Mar 2018
5.	Pohela Boishakh (Nobo Borsho) Udjapon	Saturday,13 April 2018
6.	Annual Doa and Iftar	Friday, 01 June 2018
7.	AGM	Nov 2018
8.	Victory Day Celebration	Sun, 16 Dec 2018

Note: Besides the above mentioned events, the fol routine and addl prog will be org throughout the yr as and when appropriate & poss. Prog schedule will be intimated accordingly in adv.

a. Tambola - Every Monday monthly.
b. DOHS Ladies Club Meeting – Every Wednesday of the Week.
c. Ladies Club may organize other events like Meena Bazar, Musical Nights, Nazrul/Rabindra Jayanti etc.

আলোচ্যসূচী-১৩ ঃ লেইন নং ১০, পূর্ব পার্শের শিশু পার্ক রেনোভেশন/সৌন্দর্যবর্ধন ।

১৫। বিষয়টি আলোচনার মাধ্যমে নিম্মোক্ত সিদ্ধান্ত গৃহিত হয় ঃ ক্যাপ্টেন এম ওমর ফারুক, পিএসসি, জি, বিএন (অবঃ)

ক। ক্যাপ্টেন এম ওমর ফারুক, পিএসসি, জি, বিএন (অবঃ) কে সভাপতি করে একটি বোর্ড অব অফিসার্স গঠন করা হল।

খ। বোর্ড, বর্তমান খেলাধুলার সামগ্রী সমূহের উন্নয়ন, মেরামত এবং সংযোজন করে প্রাক্কলিত ব্যায় উল্লেখপূর্বক একটি খসড়া ডিজাইন অতিসত্ত্বর সভাপতি, সমীপে অনুমোদনের জন্য উপস্থাপন করবেন।

গ। ক্যাপ্টেন এম ওমর ফারুক, পিএসসি, জি, বিএন (অবঃ), সভাপতির অনুমোদন স্বাপেক্ষে কার্য সম্পাদন করবেন।

আলোচ্যসূচী-১৪ ঃ গারবেজ পয়েন্ট এলাকা পূর্ণগঠন করা প্রসংগে।

১৬। অনন্যা শপিং কমপ্লেক্স সংলগ্ন বারিধারা ডিওএইচএস এর বর্তমান গার্বেজ পয়েন্ট থেকে প্রচন্ড দূর্গন্ধ আশপাশের এলাকার পরিবেশ দূষিত করার প্রেক্ষিতে সভায় এই ব্যাপারে আলোচনা হয়। উপস্থিত সদস্যগস এই সমস্যার ব্যাপারে তাদের উদ্বেগের কথাও জানান। এই সমস্যার কিছুটা নিরাময়কল্পে নিম্মোক্ত সিদ্ধান্ত গ্রহন করা হয় ঃ

ক। বর্তমান গার্বেজ পয়েন্টটি সরিয়ে নেওয়ার ব্যাপারে সম্ভ্যাবতা যাচাই করে সংশ্লিষ্ট সাব-কমিটি তাদের মতামত প্রদান করবেন।

খ। বর্তমান গার্বেজ পয়েন্টটি স্থানান্তর না করা গেলে এর কী কী উন্নতি সাধনের মাধ্যমে দূর্গন্ধ কমানো যেতে পারে তার ব্যাবস্থা।

সংশ্লিষ্ট সাব-কমিটি

আলোচ্যসূচী-১৫ ঃ ৩ জন সিকিউরিটি গার্ডকে সুপারভাইজার পদে পদোন্নতি দেওয়া প্রসংগে।

১৭। নিয়োগ কমিটি কর্তৃক পুরাতন এবং অভিজ্ঞ ১৭জন সিকিউরিটি গার্ড থেকে সাক্ষাৎকারের মাধ্যমে নিম্মোক্ত ৩ জন সিকিউরিটি গার্ডকে সিকিউরিটি সুপারভাইজার পদে পদোন্নতির সুপারিশ করা হয় ঃ

ক। গার্ড মোঃ আসাদুল হক

খ। গার্ড মোঃ আজমল হোসেন

গ। গার্ড মোঃ আলমগীর হোসেন-১

সেক্রেটারী এবং মেম্বার সিকিঃ

১৮। একজিকিউটিভ কমিটির সদস্যগণ এই ৩ জনের অতীত রের্কড পর্যালোচনা পূর্বক তাদের পদোন্নতি অনুমোদন করেন এবং পরবর্তীতে পদোন্নতির জন্য নিম্নোক্ত ৩ জনকে রির্জাভ হিসাবে রাখার সুপারিশ করেন ঃ

ক। গার্ড মোঃ এরশাদ মিয়া

খ। গার্ড মোঃ রফিকুল ইসলাম

গ। গার্ড মোঃ হাবিবুর রহমান

আলোচ্যসূচী-১৬ ঃ লেডিস ক্লাবের কনভেনার মনোনয়ন এবং সাব-কমিটিতে কো-অপ্ট মেম্বার নিয়োগ

১৯। একজিকিউটিভ কমিটির সকল সদস্য সর্ব-সম্মতিক্রমে ডিওএইচএস লেডিস ক্লাবের কনভেনার হিসাবে ডাঃ পারভীন হক চৌধুরীকে মনোনীত করেন। একই সংগে মিসেস শারমিন জাহান, বাড়ী # ১২২, রোড # ০১ কে এডিআর সাব-কমিটিতে কো-অপ্ট সদস্য হিসাবে মনোনীত করেন।

সেক্রেটারী

আলোচ্যসূচী-১৭ঃ লেডিস ক্লাবের নির্বাচন প্রসংগে।

২০। আসন্ন পবিত্র মাহে রমজানের পূর্বেই লেডিস ক্লাবের পরিচালনা কমিটির নির্বাচন অনুষ্ঠানের ব্যাপারে আলোচনা হয়। সর্ব-সম্মতিক্রমে নির্বাচন সুষ্ঠুভাবে পরিচালনার জন্য নিম্মাক্ত কমিটি গঠন করা হয় ঃ

ক। কর্নেল মোহসিন আহমদ চৌধুরী, পিএসসি (অবঃ) - প্রধান নির্বাচন কমিশনার

খ। কর্ণেল প্রফেসর মোঃ মোশাররফ হোসেন (অবঃ) - নির্বাচন কমিশনার

গ। ড. রশীদ আহম্মেদ হোসাইনি - ,,

ঘ। মিসেস ফরিদা ইয়াসমিন - ,,

ঙ। মিসেস পারভীন জোবাইদা - ,,

চ। এ্যাডভোকেট জেরিন কাশফি - ,,

২১। নির্বাচনের দিন হিসাবে ১৪ মে ২০১৮ তারিখ নির্ধারন করা হয়।

সংশ্লিষ্ট কমিটি এবং সেক্রেটারী

আলোচ্যসূচী-১৮ ঃ মসজিদের ইমাম সাহেবের আবেদন বিবেচনা।

২২। বারিধারা ডিওএইচএস মসজিদের পেশ ইমাম জনাব হাফেজ মাওলানা মোঃ দেলোয়ার হোসেন তার বাসস্থলে একটি অতিরিক্ত রুম নির্মাণের জন্য লিখিত আবেদন করেন। এই ব্যাপারে নিম্মোক্ত সিদ্ধান্ত গ্রহন করা হয় ঃ

মসজিদ সাব-কমিটি

ক। মসজিদের ইমাম/মুয়াজ্জিন এর জন্য নির্মাণকৃত ইমারতটি ২রুম বিশিষ্ট। যেহেতু তা তিন তলা কাঠামোতে তৈরী তাই বর্তমান নতুন কাঠামো নির্মাণ পূর্বক পেশ ইমামের জন্য ২য় তলায় রুম নির্মাণ করার ব্যাপারে ক্যান্টনমেন্ট বোর্ড এর অনুমোদন নেওয়া হবে।

খ। পেশ ইমামের বর্তমান আবাসস্থলটি তালিকায় অপেক্ষমান সিনিয়র মুয়াজ্জিন হাফেজ মাওলানা নুর আহমেদ কে বরাদ্ধ দেয়া হবে।

গ। নতুন কাঠামো নির্মাণে প্রয়োজনে অনুদানের মাধ্যমে ফান্ড সংগ্রহ করা হবে।

আলোচ্যসূচী-১৯ ঃ কনভেনশন সেন্টার নামাজঘরের ইমামের সম্মানী বৃদ্ধি ।

ট্রেজারার

২৩। কনভেনশন সেন্টার নামাজঘরের ইমাম সম্মানী বৃদ্ধির জন্য আবেদন করলে একজিকিউটিভ কমিটির কতিপয় সদস্য এতে আপত্তি তোলেন। পরবর্তীতে আলোচনার মাধ্যমে মানবিক দিক বিবেচনা করে বর্তমান সম্মানী মাসিক ১০০০/- টাকা বৃদ্ধি করে মোট ৮০০০/- টাকা নির্ধারণ করা হয়।

আলোচ্যসূচী-২০ ঃ এ্যাকাউন্ট একজিকিউটিভ জনাব জামিল চৌধুরীর আবেদন।

ট্রেজারার

২৪। নির্ধারিত ছুটি ভোগ না করে "লিভ উইথ পে" এর সুবিধা ভোগ করা অর্থাৎ ঐ কয়দিনের বেতন উত্তোলনের ব্যাপারে জনাব জামিল চৌধুরী লিখিত আবেদন করলে একজিকিউটিভ কমিটির সদস্যগণ আপাততঃ এই আবেদন গ্রহন না করার পক্ষে মত প্রদান করেন। তবে ট্রেজারার লেঃ কর্ণেল এম আব্দুর রব (অবঃ) " লিভ পলিসি'তে এই সুবিধা ভোগের সুযোগ আছে বলে জানালে কমিটি ঐ আদেশের লিখিত প্রমানাদি উপস্থাপন স্বাপেক্ষে তার এই আবেদন বিবেচনার পক্ষে মত প্রকাশ করেন। সেক্ষেত্রে এই নীতিমালা বারিধারা ডিওএইচএস পরিষদের কর্মরত সকল কর্মচারীর জন্য প্রযোজ্য হবে।

আলোচ্যসূচী-২১ ঃ সুপারভাইজার রিপনের আর্থিক সাহায্যের আবেদন।

ট্রেজারার ও মেম্বার সিকিঃ

২৫। বারিধারা ডিওএইচএস এর সিকিউরিটি সুপাভাইজার মোঃ রিপন মিয়া মেয়ের বিবাহ সম্পাদন উপলক্ষে পরিষদ ফান্ড থেকে সাহায্যের আবেদন করলে এর পক্ষে বিপক্ষে মতামত দেওয়া হয়। পরিশেষে DOHS Porishod Charity Fund থেকে ১০,০০০.০০ (দশ হাজার টাকা) অনুদান হিসাবে মঞ্জুর করা হয়। তবে ভবিষ্যত এই সুবিদাধি নিরুতসাহিত করার ব্যাপারে ইসি'র সকল সদস্য এক মত প্রকাশ করেন।

আলোচ্যসূচী-২২ঃ ডিএইচএস মসজিদের উত্তর পার্শ্বের ওযুখানার উপর শেড নির্মাণ।

মসজিদ সাব-কমিটি

২৬। মসজিদ সাব-কমিটি কর্তৃক ওযুখানার উপর একটি শেড নিমার্ণের প্রস্তাব রাখা হলে এই ব্যাপারে সর্ব-সম্মতিক্রমে ওযুখানার উপর কোন সেড নির্মাণ না করার পক্ষে সিদ্ধান্ত নেওয়া হয়।

আলোচ্যসূচী-২৩ ঃ আবাসিক এলাকায় গ্রোসারিশপ বন্ধ করা প্রসংগে।

মেম্বার সিকিঃ

২৭। বেশ কিছু সদস্য কর্তৃক বিভিন্ন লেনে এখনও আবাসিক ভবনে গ্রোসারি শপসহ নানা রকম দোকান পরিচালনার ব্যাপারে তাদের আপত্তি উত্থাপন করেন। এতে করে সামাজিক অবস্থাকে হেয় করা হয় এবং তা নিরাপত্তার ক্ষেত্রেও হুমকি বলে অনেকে মন্তব্য করেন। আলোচনার প্রেক্ষিতে নিম্মোক্ত সিদ্ধান্ত নেওয়া হয় ঃ

ক। সত্ত্বর ডিওএইচএস পরিষদ থেকে চুড়ান্ত তারিখ উল্লেখ পূর্বক সংশ্লিষ্ট বাড়ীর মালিকদের পত্র প্রদান করা হবে।

খ। চুড়ান্ত তারিখের পর ক্যান্টনমেন্ট বোর্ডের প্রতিনিধিসহ উচ্ছেদ কমিটি সরাসরি দোকান অপসারণের ব্যবস্থা গ্রহন করবে।

আলোচ্যসূচী-২৪ ঃ ব্যায়ামাগারে (Fitness Centre)নতুন যন্ত্র ক্রয় প্রসঙ্গে ।	কনভেনার, স্পোর্টস এন্ড কালচারাল সাব-কমিটি
২৮। বারিধারা ডিওএইচএস এর বর্তমান ব্যায়ামাগারে ব্যায়ামের জন্য ব্যবহৃত বেশ কিছু উপকরণ নষ্ট/ অকেজো হওয়া এবং সেগুলির আশু মেরামত পরিবর্তনের জন্য আলোচনা হয়। গৃহীত এবং অনুমোদিত সিদ্ধান্ত সমূহ নিম্নরুপ ঃ ক। ১টি Twister এবং ১টি ক্রস ট্রেইনার কয় করা হবে । খ। ২টি নতুন কমার্শিয়াল ট্রেডমিল ক্রয় করা হবে । গ। ২টি এসি ক্রয় করা হবে। ঘ। ২টি ওয়াইড স্ক্রীন টেলিভিশন ব্যায়ামাগারে স্থাপন করা হবে। ঙ। ফ্রি হ্যান্ড ব্যায়ামের জন্য উন্মুক্ত স্থানটিতে সুন্দর ক্যানোপির ব্যবস্থা করা । চ। Sports & Cultural Sub-Committee প্রস্তাবিত সিদ্ধান্তগুলি ক্রয় কমিটির মাধ্যমে সঠিক পদ্ধতি অনুসরণ করে সত্ত্বর বাস্তবায়নের ব্যবস্থা গ্রহন করবে।	
আলোচ্যসূচী-২৫ ঃ ফিটনেস সেন্টারের সাপ্তাহিক ছুটি দিবস পরিবর্তন ।	কনভেনার, স্পোর্টস এন্ড কালচারাল সাব-কমিটি
২৯। Sports & Cultural Sub-Committee এর কনভেনার মেজর শের মোহাম্মদ খান (অবঃ) Fitness Centre এর বর্তমানে বিদ্যমান সাপ্তাহিক ছুটি শুক্রবারের পরিবর্তে মঙ্গলবার করার প্রস্তাব করলে উপস্থিত সদস্যগণ তা মঞ্জুর করেন। সাপ্তাহিক ছুটির দিন পবিত্র রমজানের পর থেকে শুক্রবারের পরিবর্তে মঙ্গলবার পালন করা হবে।	
আলোচ্যসূচী-২৬ ঃ ললিত কলা একাডেমির জন্য অতিরিক্ত রুম বরাদ্দ করার বিষয়ে আলোচনা হয়।	সেক্রেটারী
৩০। এই ব্যাপারে আলোচনায় সিদ্ধান্ত হয় যে, কর্মদিবসে কোন একদিন প্রেসিডেন্ট ও সেক্রেটারী ব্যাক্তিগতভাবে উপস্থিত হয়ে পরিস্থিতি পর্যালোচনা করে রুম বরাদ্দের চুড়ান্ত সিদ্ধান্ত প্রদান করবেন ।	
আলোচ্যসূচী-২৭ ঃ স্পোর্টর্স এ্যান্ড কালচারাল সাব-কমিটি নাম পরিবর্তন।	কনভেনার, স্পোর্টস এন্ড কালচারাল সাব-কমিটি
৩১। বর্তমানে ব্যবহৃত "গেমস্, স্পোর্টর্স, কালচারাল এন্ড ফিটনেস সেন্টার সাব-কমিটির" নাম পরিবর্তন করে ডিওএইচএস এর জন্য নির্ধারিত সংবিধানে উল্লেখিত "স্পোর্টর্স এ্যান্ড কালচারাল সাব-কমিটি" নাম ব্যবহারের অনুমোদন দেয়া হয়।	
আলোচ্যসূচী-২৮ ঃ পবিত্র রমজান মাসে জোয়ার সাহারা গেইট বন্ধ করার সময় পরিবর্তন।	মেম্বার সিকিউরিটি
৩২। বর্তমানে জোয়ার সাহারা গেইট সন্ধ্যা ৭টায় বন্ধ হয়ে যায়। রমজান মাসে এই সময় বর্ধিত করার ব্যাপারে বেশ কিছু বাসিন্দার আবেদনের প্রেক্ষিতে সময় বর্ধিত করে রাত ৮টা করার অনুমোদন দেয়া হয়। এই সময়সূচী শুধুমাত্র রমজান মাসের জন্যই নির্ধারিত থাকবে।	
আলোচ্যসূচী-২৯ঃ ওভার টাইম অফিস স্টাফ	সেক্রেটারী
৩৩। একজিকিউটিভ কমিটির মিটিং এর সময় প্রয়োজনীয় সংখ্যক অফিস স্টাফ উপস্থিত থাকতে হয় বিধায় ঐ সময়ে যে সকল অফিস কর্মচারী উপস্থিত থাকবে তাদেরকে ওভার টাইম প্রদানের সিদ্ধান্ত সভায় গৃহীত হয়।	
আলোচ্যসূচী-৩০ঃ কনভেনশন সেন্টারের পয়েন্ট সমূহের ব্যাপারে সিনিয়র ভাইস প্রেসিডেন্ট বিস্তারিত আলোচনা করেন যা নিম্ন দেয়া হলো ঃ	
ক। **কনভেনশন সেন্টারে লিফট্, জেনারেটর, ইলেকট্রিক সাব-ষ্টেশন ও এসি স্থাপন প্রসংগে।** বিষয়টির উপর বিস্তারিত আলোচনা শেষে নবগঠিত টেকনিক্যাল ও ইভালুয়েশন কমিটির প্রতিবেদনের আলোকে পুণঃ টেন্ডার/টেন্ডার আহবান করার সিদ্ধান্ত গৃহীত হয়।	কনভেনার,

খ। **৫ম ও ৬ষ্ঠ তলা নির্মাণ প্রসংগে, লেঃ কর্ণেল এম এম কায়সার রশিদ, পিএসসি (অবঃ)এর পত্র নং নাই, তারিখ ১০ এপ্রিল ২০১৮**। সভায় বিষয়ের উপর বিস্তারিত আলোচনা করে একজিকিউটিভ কমিটির সকল সদস্যদের জ্ঞাত করা হয়। কনভেনশন সেন্টার সাব-কমিটি

গ। **সোলার প্যানেল স্থানান্তর প্রসংগে।** বিষয়টির উপর আলোচনা শেষে সাব-ষ্টেশন স্থাপনের পর সোলার প্যানেল স্থানান্তর করার সিদ্ধান্ত গৃহীত হয়।

ঘ। **পার্কিং এরিয়ার ভাঙ্গা টাইলস্ মেরামত প্রসংগে।** সভায় আলোচনা শেষে অতিসত্ত্বর পার্কিং এরিয়ার ভাঙ্গা টাইলস মেরামত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

ঙ। **পার্টি এ্যান্ড ডিনারের নিরাপত্তা জামানত প্রদান প্রসংগে।** বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টারের ক্যাটারিং, ডেকোরেটর ও ফ্লোরাল সার্ভিস প্রদান কাজ থেকে পার্টি এন্ড ডিনারকে অব্যাহতি দেয়া হয় বিধায় উক্ত কোম্পানির নিরাপত্তা জামানত নিয়ে সভায় আলোচনা শেষে কনভেনশেন সেন্টারের প্রাপ্য টাকা রেখে বাকী অংশ ফেরৎ প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচী-৩১ঃ খরচের অনুমোদন নীতিমালা

৩৪। ট্রেজারার লেঃ কর্ণেল এম আব্দুর রব (অবঃ) সভায় সকল সদস্যকে জ্ঞাত করেন যে, বিগত ২০১৬-২০১৭ সালের ৯০তম একজিকিউটিভ কমিটির সভায় নিম্নোক্ত নিয়মে খরচের সিদ্ধান্ত অনুমোদন করা হয়েছিল এবং তাতে বেশ সীমাবদ্ধতা দেয়া দিয়েছিল ঃ

ক। কোটেশন প্রয়োজন নাই — টাকা - ১০,০০০.০০ (দশ হাজার) পর্যন্ত।
খ। কোটেশন প্রয়োজন — টাকা- ১০,০০১.০০ হতে ৩৫,০০০.০০ পর্যন্ত।
গ। কোটেশন এবং পার্সেজ কমিটি অনুমোদন প্রয়োজন — টাকা - ৩৫,০০১.০০ হতে ২,০০,০০০.০০ ,,
ঘ। টেন্ডার প্রয়োজন — টাকা- ২,০০,০০১.০০ হতে তার উর্দ্ধে

৩৫। উক্ত সময়ে খরচের ক্ষমতা/সীমাবদ্ধতা ছিল নিম্নরুপ ঃ

ক।	সেক্রেটারী	টাকা - ৫,০০০.০০ (পাঁচ হাজার পর্যন্ত)
খ।	প্রেসিডেন্ট	টাকা - ১০,০০০.০০ (দশ হাজার পর্যন্ত)
গ।	ইসি	টাকা - ৫০,০০০.০০ পর্যন্ত
ঘ।	জিএম/এজিএম	টাকা - ৫০,০০০.০০ এর উর্দ্ধে

৩৬। বর্তমান সংবিধান মোতাবেক এর ক্ষমতা/সীমাবদ্ধতা নিম্নরুপ ঃ

ক।	সেক্রেটারী	টাকা - ১৫,০০০.০০ (পনের হাজার পর্যন্ত)
খ।	প্রেসিডেন্ট	টাকা - ৩,০০,০০০.০০ (তিন লক্ষ পর্যন্ত)
গ।	ইসি	টাকা - ১৫,০০,০০০.০০ পর্যন্ত
ঘ।	জিএম/এজিএম	টাকা - ১৫,০০,০০০.০০ এর উর্দ্ধে যে কোন পরিমান

৩৭। পরিষদের বিভিন্ন ফান্ডের খরচের নীতিমালা প্রনয়নের জন্য সকলের দৃষ্টি আর্কষন করে এবং অংকের সীমা নির্ধারন করার জন্য অনুরোধ জানান হয়। উপস্থিত সদস্যগণ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্ন বর্নিত সিদ্ধান্ত গ্রহন করেন ঃ ট্রেজারার

ক। কোটেশন প্রয়োজন নাই — টাকা - ৩০,০০০.০০ (ত্রিশ হাজার) পর্যন্ত।

খ। কোটেশন প্রয়োজন — টাকা- ৩০,০০১.০০ হতে ৫,০০,০০০.০০ পর্যন্ত।
গ। ক্রয় কমিটি অনুমোদন এবং সংশ্লিষ্টতা — কোটেশন প্রয়োজন এবং ক্রয় কমিটির মাধ্যমে ক্রয় হবে।

ঘ। টেন্ডার প্রয়োজন — টাকা- ৫,০০,০০১.০০ হতে তার উর্দ্ধে এবং বিশেষ কমিটির মাধ্যমে ক্রয়/কার্য সম্পন্ন করতে হবে।

আলোচ্যসূচী-৩২ঃ খরচের অনুমোদন ঃ

৩৮। পরিষদ কর্তৃক নিম্নবর্নিত ব্যয়সমূহ অনুমোদন দেয়া হয়।

পরিষদ ফান্ড ঃ

ক্র.নং	খরচের বিবরন	টাকা	অনুমোদন কর্তৃপক্ষ	কার্যক্রম
১	অফিস আপ্যায়ন খরচ	১১,২৫৬.০০	ইসি	ট্রেজারার
২	ফিটনেস সেন্টার এর বিবিধ খরচ	১০,১৩৩.০০	ইসি	,,
৩	সভাপতি মহোদয় এর অফিসের দরজা লাগানোর অতিরিক্ত খরচ এবং ট্রেজারার এর জন্য নতুন তৈরীকৃত কক্ষের জানালা লাগানো খরচ	২৩,৮০০.০০	ইসি	,,
৪	পরিষদ অফিসের অফিস কন্টিজেন্সী খরচ	১২,৮০০.০০	ইসি	,,
৫	ডিবিসিসি ক্লাসের জন্য সাউন্ড সিস্টেম ক্রয়	২৭,৫০০.০০	ইসি	,,
৬	ডিবিসিসি ক্লাসের জন্য অফিস কন্টিজেন্সী খরচ	১০,১১০.০০	ইসি	,,
৭	বারিধারা ডিওএইচএস পরিষদ লাইব্রেরীর জন্য ষ্টীলের র‍্যাক (এস এস সেল্‌ফ) তৈরী কাজে খরচ	১৪,৫০০.০০	ইসি	,,

এ্যাডমিন এন্ড সিকিউরিটি ফান্ড ঃ

ক্র.নং	খরচের বিবরন	টাকা	অনুমোদন কর্তৃপক্ষ	কার্যক্রম
১	নিরাপত্তা কাজে ব্যবহারের জন্য ১৪টি ওয়াকি-টকি সেট ক্রয়	৪,০৬,৭০০.০০	ইসি	ট্রেজারার
২	গার্বেজ ভান মেরামত এবং গার্বেজ অপসারণ খরচ (১৬ মার্চ হতে ৩১ মার্চ ২০১৮ পর্যন্ত)	২১,৬৮০.০০	ইসি	,,
৩	প্রেসিডেন্ট মহোদয় এর অফিস কক্ষের দরজা লাগানো।	২২,৬৪০.০০	ইসি	,,
৪	মশা নিধনের জন্য ঔষধ, অকটেন এবং ডিজেল ক্রয় ও ফগার মেশিন মেরামত	১৮,২৪৯.০০	ইসি	,,
৫	মটর বাইক এর অকটেন ক্রয় এবং মটর বাইক মেরামত খরচ	১০,৬২১.০০	ইসি	,,
৬	ডিওএইচএস এর অভ্যন্তরে বিভিন্ন রাস্তা রং করন এবং ষ্টাফ রোডে রেলিং মেরামত	১৩,৭৩৫.০০	ইসি	,,
৭	বাংলা নববর্ষ - ১৪২৫ উদযাপন খরচ	১,৪০,০০০.০০	ইসি	,,
৮	গার্বেজ পয়েন্ট হতে গার্বেজ অপসারণ খরচ (০১ এপ্রিল হতে ১৫ এপ্রিল ২০১৮ পর্যন্ত)	১২,৫০০.০০	ইসি	,,
৯	ট্রেজারার এবং মেম্বার সিকিউরিটি এর জন্য তৈরীকৃত নতুন কক্ষ্যের (চেয়ার-টেবিল) ফার্নিচার ক্রয়	১,৮৮,৪১৯.০০	ইসি	,,

ট্রেজারার

১০	স্পিড ব্রেকার রং করণ, ফায়ার এক্সটিংগুইশার রিপিল করণ, ১৪টি ওয়াকিটকি সেট এর জন্য ক্লিপ ও বেল্ট ক্রয় এবং টহল এর জন্য মোবাইল ফোন ক্রয়	২৩,১৬০.০০	ইসি	,,
১১	পরিষদ অফিস ষ্টাফদের থাকার রুমের চালের টিন পরিবর্তন এবং বারান্দায় বেড়া দেয়া বাবদ খরচ	৩১,৯১০.০	ইসি	,,
১২	গার্বেজ পয়েন্ট এর ফ্লোর ঢালাই কাজের জন্য ঠিকাদার এর প্রাপ্য বিল হতে কর্তনকৃত জামানত বাবদ অর্থ ফেরত প্রদান	২২,৯৭৮.০০	ইসি	,,
১৩	অফিস ষ্টাফদের থাকার কক্ষ্যের টিনের চালা মেরামত খরচ	৩১,৯১০.০০	ইসি	,,
১৪	সিকিউরিটি গার্ডদের জন্য পোষাক পরিচ্ছদ (ইউনিফরম) ক্রয় বাবদ খরচ	৮৭,৫৯৫.০০	ইসি	,,
১৫	সিকিউরিটি গার্ডদের জন্য বুট (ডিএমএল) ক্রয় বাবদ খরচ	১,৩৭,৭৫০.০০	ইসি	,,
১৬	পরিষদ এর ট্রেজারার এবং মেম্বার সিকিউরিটি এর জন্য নির্মিত অফিস কক্ষ্যের এসি ক্রয় বাবদ খরচ	৭৯,০০০.০০	ইসি	,,
১৭	সিকিউরিটি ব্যারাকের ২য় তলার জন্য ৫টি সিলিং ফ্যান ক্রয় বাবদ খরচ	১২,০০০.০০	ইসি	,,

মসজিদ ফান্ড ঃ

ক্র.নং	খরচের বিবরন	টাকা	অনুমোদন কর্তৃপক্ষ	কাযক্রম
১	বারিধারা ডিওএইচএস মসজিদের ভিতর ও বাহির রং করণ খরচ	২,৪০,২৭০.০০	ইসি	ট্রেজারার
২	বারিধারা ডিওএইচএস মসজিদের ১১০ কেভিএ ২টি জেনারেটর সার্ভিসিং খরচ	১৪,৫০০.০০	ইসি	,,
৩	বারিধারা ডিওএইচএস মসজিদের থাই এ্যালুমিনিয়াম নেট, জানালার হুইপ পরিবর্তন ও মার্কার গ্লাস লাগানো খরচ	৪০,৬৩১.০০	ইসি	,,
৪	বারিধারা ডিওএইচএস মসজিদের মহিলাদের নামাজের স্থানে সিঁড়ির পাশে ডেকোরেশন কাজে খরচ	২৬,৭৪৮.০০	ইসি	,,
৫	বারিধারা ডিওএইচএস মসজিদের ঈমাম এর বাসার বারান্দায় এবং মুয়াজ্জিন এর বারান্দা, থাকার রুম ও কিচেনের জানালায় নেট লাগানো খরচ	৬১,৭২০.০০	ইসি	,,

কনভেনশন সেন্টার ফান্ড ঃ

ক্র.নং	খরচের বিবরন	টাকা	অনুমোদন কর্তৃপক্ষ	কার্যক্রম

	১	কনভেনশন সেন্টার এর ১ম এবং ২য় তলায় মোট ১৪টি এসি সার্ভিসিং খরচ	৪৯,০০০.০০	ইসি	ট্রেজারার		
	২	কনভেনশন সেন্টার এর ছাদে টাইল্স স্থাপন মজুরী খরচ	১,২২,৯৪৮.০০	ইসি	,,		
	৩	কনভেনশন সেন্টার এর ছাদে ঢালাই কাজের মজুরী খরচ	১,০০,০০০.০০	ইসি	,,		
	৪	কনভেনশন সেন্টার এর বারান্দার উপরে ট্রাস সেড স্থাপন খরচ (৩য় ধাপ)	৪৮,২০৪.০০	ইসি	,,		
	৫	কনভেনশন সেন্টার এর ছাদে সিঁড়ি কোঠায় থাই এ্যালুমিনিয়াম ফিটিং চার্জ	৪৪,৭২০.০০	ইসি	,,		
	৬	কনভেনশন সেন্টার এর মসজিদে ০১টি এসি স্থাপন খরচ খরচ	৬৯,০০০.০০	ইসি	,,		

৩। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করেন।

কর্ণেল এম আব্দুল হাই (অবঃ)
প্রেসিডেন্ট

ব্রিগেঃ জেনাঃ শাহ মোঃ মহিউদ্দিন (অবঃ)
সেক্রেটারী

তারিখ ঃ ০৩ মে ২০১৮

তারিখ ঃ ০৩ মে ২০১৮

কার্যক্রম ঃ

সম্মানিত সকল ইসি সদস্য

হিসাব শাখা

কনভেনশন সেন্টার